পাথওয়ে
অফিস বিধিমালা
এপ্রিল ১০, ২০১৭

১. সময়সূচি

১.১. পাথওয়ে'র ছয় দিনের কর্মসপ্তাহ হবে- শনিবার থেকে বৃহস্পতিবার পর্যন্ত।

১.২. সাধারণ কার্যদিবস শুরু হবে সকাল ০৯:০০টায়, শেষ হবে সন্ধ্যা ৬:০০টায়। মধ্যাহ্নভোজনের জন্য নির্ধারিত বিরতি দুপুর ১:০০-১:৪৫টা পর্যন্ত।

১.৩. সকল কর্মী তাদের অর্পিত দায়িত্ব নির্ধারিত সময়ের মধ্যে শেষ করবে। তবে গুরুত্ব বিবেচনায়, অতিরিক্ত সময় এবং ছুটির দিনেও কাজ করার প্রয়োজন হতে পারে।

২. উপস্থিতি

২.১. সকল কর্মীকে নির্ধারিত সময়ে কর্মস্থলে উপস্থিত থাকতে হবে। কোনো কারণে দেরি হলে; যত দ্রুত সম্ভব যথাযথ কর্তৃপক্ষকে জানাতে হবে।

২.২. বিলম্বে উপস্থিতির প্রবণতা অথবা অননুমোদিত অনুপস্থিতি অবাঞ্ছনীয় এবং বিভাগীয়-ব্যবস্থা-গ্রহণযোগ্য।

৩. কর্মস্থল ত্যাগ

৩.১. নির্ধারিত কর্ম-সময়ের মধ্যে বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগ করা যাবে না।

৪. নিরাপত্তা

৪.১. পাথওয়ে, কর্মীদের জন্য নিরাপদ ও স্বাস্থ্যসম্মত কর্মস্থল নিশ্চিত করবে। এ বিষয়ে কর্মীদের সহযোগিতা কাম্য।

৪.২. যেকোনো দূর্ঘটনা দ্রুততার সাথে যথাযথ কর্তৃপক্ষের গোচরে আনতে হবে।

৫. নথিপত্রের রক্ষণাবেক্ষণ

৫.১. সকল কর্মী স্বীয় দায়িত্ব অনুযায়ী প্রয়োজনীয় বিবরণ ও নথি সংরক্ষণ করবে। নথি সংরক্ষণে কর্মীর অবহেলা প্রমানিত হলে কিংবা কোনোভাবে এর বিকৃতি ঘটালে, কর্মীকে শৃঙ্খলাভঙ্গের দায়ে অভিযুক্ত হতে হবে।

৬. বেতননীতি

৬.১. পাথওয়ে সমগ্র প্রতিষ্ঠানের প্রয়োজন বিবেচনায় নিয়ে প্রত্যেক কাজের গুরুত্ব মূল্যায়ণ করবে।

৬.২. পাথওয়ে বেতন-কাঠামো অনুযায়ী কর্মীদের বেতন নির্ধারণ করবে। প্রদেয় ভাতা, পদোন্নতি বা দায়িত্বের ধরণগত উন্নয়ন ছাড়া সকল কর্মীকে নির্ধারিত বেতন-কাঠামো অনুযায়ী বেতন প্রদান করা হবে।

৬.৩. কর্মীদের বার্ষিক মূল্যায়ন ও বেতন উন্নয়ন প্রতিবছর (যোগদান বা পূর্ববর্তি মূল্যায়ন সময় ধরে) নিস্পন্ন হবে এবং তা পরবর্তী মাসের ১ তারিখ থেকে কার্যকর হবে।

24.7.2022

24.07.22

24.7.2022

24/07/22

৭. বেতন-কাঠামো

৭.১. পাথওয়ে তার স্থায়ী ও দীর্ঘমেয়াদে চুক্তিবদ্ধ কর্মীদের নির্ধারিত বেতন-কাঠমোর নির্ধারিত স্তর অনুযায়ী বেতন ও অন্যান্য সুবিধাদি প্রদান করবে। প্রত্যেকের পদবী ও অবস্থান বেতন স্তরের সাথে সংগতিপূর্ণ হবে।

৮. বেতন বৃদ্ধি

৮.১. পাথওয়ে কর্মীদের বার্ষিক বেতন বৃদ্ধির সাধারণ হার হবে ৫%-১৫%। সমগ্র বছরের কাজের কর্ম দক্ষতা ও গুনগত মান বিবেচনা করে পাথওয়ে ব্যবস্থাপনা পর্ষদ এর হার নির্ধারণ করবে। তবে পাথওয়ে ব্যবস্থাপনা পর্ষদ পরিস্থিতি বিবেচনায় প্রয়োজনে এর ব্যত্যয়ও করতে পারেন।

৯. বেতন

৯.১. পাথওয়ে সকল স্থায়ী, দীর্ঘমেয়াদে চুক্তিবদ্ধ (২ বছর বা তার অধিক), স্বল্প মেয়াদে চুক্তিবদ্ধ, অস্থায়ী ও শিক্ষানবীস কর্মীকে মাসিক ভিত্তিতে বেতন প্রদান করবে। স্বল্পমেয়াদী ও বিষয়ভিত্তিক কর্মীর সম্মানী তার সাথে সম্পাদিত চুক্তি অনুযায়ী প্রদেয়।

৯.২. পাথওয়ের বেতন বলতে বোঝাবে 'সমগ্র বেতন'। যা হবে পাথওয়ে'র অর্থবিভাগকর্তৃক বিভাজিত মূল বেতন ও বিভিন্ন খাতের সমষ্টির সমান। যার সূত্র হবে নিম্নরূপ:

৯.২.১.১.১.	মূল বেতন	৫০%
৯.২.১.১.২.	বাড়ি ভাড়া	৩০%
৯.২.১.১.৩.	যাতায়াত	১০%
৯.২.১.১.৪.	চিকিৎসা	১০%
৯.২.১.১.৫.	---------------	
৯.২.১.১.৬.	মোট	১০০% (মূল বেতনের)

৯.৩. প্রতি মাসের প্রথম সপ্তাহে বেতন প্রদান করা হবে। প্রধান নির্বাহী কর্মকর্তার সিদ্ধান্তে এর তারিখ পরিবর্তন হতে পারবে।

৯.৪. মাসের ভগ্নাংশের জন্য ভগ্নাংশ আকারে বেতন প্রদান করা হবে। এক্ষেত্রে মাসের ভগ্নাংশের জন্য প্রদেয় বেতনের সূত্র: সমগ্র বেতন ৩০ (২৮/৩০/৩১) কর্মদিবস।

৯.৫. যেসব কারণে কর্মীকে বেতন প্রদান করা থেকে বিরত থাকা যাবে, তা হলো-

৯.৫.১. অনোনুমোদিত অনুপস্থিতি, বেতনবিহীন ছুটি অথবা সাময়িক বহিষ্কারকাল;

৯.৫.২. দায়িত্ব পালনে অবহেলা/গাফিলাতির কারণে প্রতিষ্ঠানের অর্থ, সম্পদ ও মালামাল বিনষ্ট হওয়া।

৯.৫.৩. অগ্রীম ও ঋণ সমন্বয়।

১০. উৎসব ভাতা

১০.১. পাথওয়ে প্রতি বছর সর্বোচ্চ দুই বার স্থায়ী, দীর্ঘমেয়াদে চুক্তিবদ্ধ (২ বছর বা তার অধিক) কর্মিদের উৎসব ভাতা প্রদান করবে। কর্মীর প্রয়োজন অনুযায়ী বৃহৎ উৎসবকে সামনে রেখে এই ভাতা প্রদান করা হবে।

১০.২. প্রত্যেক উৎসব ভাতা এক মাসের মূল বেতনের সমতুল্য হবে।

১০.৩. উৎসব ভাতা অগ্রীম প্রদান করা হবে না।

১০.৪. কর্মীর উৎসব ভাতা ঐ সময়ে ঐ কর্মীর প্রাপ্য বেতন অনুযায়ী প্রদেয়।

24.7.2022

24.07.22

24.7.2022

24/07/2022

১০.৫. স্থায়ী, দীর্ঘমেয়াদে চুক্তিবদ্ধ (২ বছর বা তার অধিক) কর্মরত কর্মী ১২ মাস পূর্ণ হলে উৎসব ভাতা হবে তার মূল বেতনের ১০০%। তবে, প্রথম বৎসরের ভগ্নাংশের জন্য ভগ্নাংশ আকারে উৎসব ভাতা প্রদান করা হবে। এক্ষেত্রে বৎসরের ভগ্নাংশের জন্য প্রদেয় উৎসব ভাতার সূত্র: সমগ্র উৎসব ভাতা / ১২ মাস * কর্ম মাস।

১১. আয়কর

১১.১. পাথওয়ে, এই প্রতিষ্ঠানে চুক্তিবদ্ধ সকল কর্মীর আয়কর প্রদানে গণপ্রজাতন্ত্রি বাংলাদেশ সরকারের কাছে দায়বদ্ধ। পাথওয়ে কর্মীদের আয়কর তার বেতন উৎস থেকে কর্তন করে সরকারের আয়কর বিভাগে জমা দিবে এবং তার নথিপত্র কর্মীকে সরবরাহ করবে।

১২. ছুটি ও অবকাশ

১২.১. ***ছুটির দিন***

১২.১.১. পাথওয়ের সাপ্তাহিক ছুটির দিন হবে শুক্রবার।

১২.১.২. গণপ্রজাতন্ত্রি বাংলাদেশ সরকার ঘোষিত অন্যন্য সকল ছুটি পাথওয়ে-কর্মীরা ভোগ করবে।

১২.১.৩. কোনো উৎসব/দিবস শুক্রবারে পড়লে, তার জন্য অতিরিক্ত ছুটি প্রদান করা হবে না।

১২.১.৪. চাঁদ দেখা সাপেক্ষে ছুটির তারিখ পরিবর্তিত হতে পারে।

১২.১.৫. উৎপাদন ব্যবস্থাপনার সাথে জড়িত কর্মী, অফিস সহযোগী, নিরাপত্তাকর্মী, পরিচ্ছন্নতাকর্মী, পত্রবাহক ও কারিগরি কর্মে নিয়োজিত কর্মীকে ছুটির দিনে কাজ করতে হতে পারে। সে ক্ষেত্রে তারা অতিরিক্ত কার্য সময় অনুযায়ী বেতন হার অনুযায়ী অতিরিক্ত আর্থিক সুবিধা বা অর্জিত ছুটি পাবে যা তাকে পরবর্তি মাসের বেতনের/ছুটির সাথে সমন্বয় করে প্রদান করা হবে।

১২.২. *সাধারণ ছুটি*

১২.২.১. সকল স্থায়ী ও দীর্ঘমেয়াদে চুক্তিবদ্ধ পাথওয়ে কর্মী বছরে (১ জুলাই - ৩০ জুন) ১২ দিন সাধারণ ছুটি উপভোগ করতে পারবেন।

১২.২.২. প্রতি বছর ১ জুলাই তারিখে এই ছুটি কর্মীর জন্য অগ্রীম বরাদ্দ হবে।

১২.২.৩. সাধারণ ছুটি ভোগ করার জন্য কমপক্ষে তিন দিন পূর্বে নির্ধারিত ফর্মে আবেদন করতে হবে। জরুরি অবস্থায় পূর্বানুমোদন নিতে না পারলে, কারণ উল্লেখপূর্বক ইমেই বা এসএমএস-এর মাধ্যমে জানাতে হবে এবং ছুটি পরবর্তি প্রথম তিন কর্মদিবসের মধ্যে ছুটি অনুমোদনের জন্য লিখিত আবেদন করতে হবে। অন্যথায় সেই অবকাশ, অননুমোদিত অনুপস্থিতি হিসাবে গণ্য হবে।

১২.২.৪. সাধারণ ছুটির দৈর্ঘ্য হবে সর্বোচ্চ তিন দিন। চার বা তার অধিক দিনের ছুটি অর্জিত বা অবৈতনিক ছুটি হিসাবে বিবেচিত হবে।

১২.২.৫. কোনো ছুটির দিনের পূর্বে ও পরে, উভয় অংশে কর্তৃপক্ষ সাধারণ ছুটি নিরুৎসাহিত করে। সেক্ষেত্রে যে কোনো এক অংশকে (যেটা ছোট) সাধারণ ছুটি হিসাবে বিবেচনা করা হবে।

১২.২.৬. সাধারণ ছুটিতে কোনো কর্মী দেশের বাহিরে যেতে পারবেন না।

১২.২.৭. বছর শেষে সাধারণ ছুটির জন্য কোনো আর্থিক সুবিধা প্রদান করা হবে না।

১২.২.৮. অনতিবাহিত সাধারণ ছুটি শুধুমাত্র স্থায়ী কর্মিদের পরবর্তি বছরের ছুটির সাথে অর্জিত ছুটি হিসেবে যুক্ত হবে (বিস্তারিত ১২.৪)।

24.07.22

24.7.2022

24.7.2022

24/07/22

১২.৩. *অসুস্থতার ছুটি*

১২.৩.১. স্থায়ী ও দীর্ঘমেয়াদে কর্মরত সকল পাথওয়ে কর্মীকে বছরে সর্বোচ্চ ১২ দিন অসুস্থতার জন্য ছুটি প্রদান করা হবে।

১২.৩.২. প্রতি বছর ১ জুলাই তারিখে এই ছুটি কর্মীর জন্য অগ্রীম বরাদ্দ হবে।

১২.৩.৩. এই ছুটি অগ্রীম প্রদান করা হবে না।

১২.৩.৪. তিন বা তদুর্দ্ধ দিন অসুস্থতাজনিত ছুটি মঞ্জুরের জন্য প্রতিষ্ঠান, চিকিৎসা সনদ বা চিকিৎসক প্রদত্ত ব্যবস্থাপত্র দাখিল করার অনুরোধ করতে পারবে।

১২.৩.৫. সুস্থতার জন্য সাত দিনের বেশি সময় প্রয়োজন হলে- চিকিৎসক/হাসপাতাল প্রদত্ত নির্দেশনাপত্র; যেখানে সম্ভাব্য সময়ের উল্লেখ থাকবে- দাখিল করতে হবে।

১২.৩.৬. বরাদ্দকৃত 'অসুস্থতার জন্য ছুটি' শেষ হয়ে গেলে, প্রয়োজনে বেতন বিহীন ছুটির জন্য আবেদন করা যাবে।

১২.৩.৭. অসুস্থতার জন্য বরাদ্দ ছুটির অপব্যবহার গ্রহণযোগ্য নয়। সে ক্ষেত্রে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হতে পারে।

১২.৩.৮. নিয়মিত ও দীর্ঘমেয়াদে চুক্তিবদ্ধ সকল পাথওয়ে কর্মী দীর্ঘমেয়াদি অসুস্থতার কবলে পড়লে, পাথওয়ে ব্যবস্থাপনা পর্ষদ আলোচনাসাপেক্ষে সুপারিশ প্রদান করবে। তার আলোকে প্রধান নির্বাহী কর্মকর্তা সিদ্ধান্ত প্রদান করবেন।

১২.৩.৯. অব্যবহৃত অসুস্থতার ছুটির জন্য কোনো আর্থিক সুবিধা প্রদান করা হবে না।

১২.৩.১০. অব্যবহৃত অসুস্থতার ছুটি শুধুমাত্র স্থায়ী কর্মিদের পরবর্তি বছরের ছুটির সাথে অর্জিত ছুটি হিসেবে যুক্ত হবে (বিস্তারিত ১২.৪)।

১২.৪. *অর্জিত ছুটি*

১২.৪.১. নিয়মিত ও দীর্ঘমেয়াদে চুক্তিবদ্ধ সকল পাথওয়ে কর্মীর, বছর (১ জুলাই - ৩০ জুন) শেষে পাথওয়ে প্রদত্ত ছুটির মধ্যে (১২+১২=২৪ দিন) ১২ বা তার বেশি দিন অব্যবহৃত থাকলে তা তার অর্জিত ছুটি হিসাবে জমা থাকবে।

১২.৪.২. ন্যুনতম ১০ দিন ছুটি জমাযোগ্য। ১০ দিনের কম ছুটি নিশ্চিহ্ন হবে।

১২.৪.৩. বিভিন্ন বছরের অর্জিত ছুটি যোগ হবে। জমা থাকা অর্জিত ছুটির পরিমাণ হবে সর্বোচ্চ ৩০ দিন।

১২.৪.৪. অর্জিত ছুটি হিসাবে কোনো ছুটি বছরের শুরুতে অগ্রীম প্রদান করা হবে না।

১২.৪.৫. নিয়মিত ও দীর্ঘমেয়াদে চুক্তিবদ্ধ সকল পাথওয়ে কর্মী অর্জিত ছুটি অবকাশ হিসাবে যাপনের সুযোগ পাবে। কমপক্ষে ১৫ দিন পূর্বে এই ছুটির জন্য আবেদন করতে হবে। এ বিষয়ে সার্বিক অবস্থা বিবেচনা করে পাথওয়ে কর্তৃপক্ষ প্রদত্ত সিদ্ধান্তই চুড়ান্ত বলে বিবেচিত হবে।

১২.৪.৬. চাকুরী শেষে কর্মীর অর্জিত ছুটি বাতিল বলে গন্য হবে।

১২.৫. *মাতৃত্বকালীন ছুটি*

১২.৫.১. পাথওয়ে'র সকল নারী কর্মী ১৭ সপ্তাহ মাতৃত্বকালীন ছুটি ভোগ করতে পারবেন।

১২.৫.২. নিয়মিত ও দীর্ঘমেয়াদে চুক্তিবদ্ধ সকল নারী কর্মী (তিন বছরের অধিক সময় কর্মরত) সর্বোচ্চ দুইবার মূল বেতনের ৫০% সহ এই ছুটি ভোগ করতে পারবেন।

24.07.22

24.7.2022

24/07/22

24.7.2022

১২.৫.৩. সন্তান জন্মদানের সম্ভাব্য তারিখের কমপক্ষে চার মাস পূর্বে যথাযথ কর্তৃপক্ষকে তা জানাতে হবে এবং মাতৃত্বকালীন ছুটির জন্য আবেদন করতে হবে।

১২.৫.৪. তৃতীয় বা পরবর্তী সন্তানের ক্ষেত্রে কর্মী ১৭ সপ্তাহের বেতনবিহীন ছুটির আবেদন করতে পারবেন।

১২.৬. *পিতৃত্বকালীন ছুটি*

১২.৬.১. নিয়মিত ও দীর্ঘমেয়াদে চুক্তিবদ্ধ সকল পুরুষ কর্মী পাথওয়েতে চাকুরীরত অবস্থায় সর্বোচ্চ দুইবার পূর্ণবেতনসহ ১০ কর্মদিবস পিতৃত্বকালীন ছুটি ভোগ করতে পারবেন।

১২.৬.২. তৃতীয় বা পরবর্তী সন্তানের ক্ষেত্রে কর্মী ১০ কর্মদিবস বেতনবিহীন ছুটির আবেদন করতে পারবেন।

১৩. *বিশেষ ছুটি*

১৩.১.১. প্রধান নির্বাহী কর্মকর্তা কোনো কর্মীর জরুরি পরিস্থিতি বিবেচনা করে সর্বোচ্চ তিন দিনের ছুটি তাৎক্ষনিকভাবে মঞ্জুর করতে পারবেন।

১৪. *বেতনবিহীন ছুটি*

১৪.১.১. অনিবার্য অবস্থায় কর্মীর আবেদনের ভিত্তিতে বেতনবিহীন ছুটি মঞ্জুর করা যাবে।

১৪.১.২. পাথওয়ে কর্মীর বেতনবিহীন ছুটি হবে-

১৫. অস্থায়ী : বছরে সর্বোচ্চ ৫ দিন

১৬. স্বল্পমেয়াদে চুক্তিবদ্ধ : বছরে সর্বোচ্চ ৫ দিন

১৭. দীর্ঘমেয়াদে চুক্তিবদ্ধ : বছরে সর্বোচ্চ ২০ দিন

১৮. স্থায়ী : বছরে সর্বোচ্চ ২০ দিন

১৯. মাতৃত্বকালীন ছুটি : সর্বোচ্চ ১৭ সপ্তাহ

২০. পিতৃত্বকালীন ছুটি : সর্বোচ্চ ১০ কর্মদিবস

২০.১. *অস্থায়ী কর্মীদের ছুটি*

২০.১.১. সকল অস্থায়ী ও স্বল্প-মেয়াদে চুক্তিবদ্ধ কর্মী, ছুটির ধরন নির্বিশেষে, প্রত্যেক মাসে এক দিন ছুটি ভোগ করতে পারবেন।

২০.১.২. প্রাপ্য ছুটির অতিরিক্ত অনুপস্থিতি বেতনবিহীন ছুটি হিসাবে গণ্য হবে।

২০.১.৩. অস্থায়ী চাকুরীকালীন অব্যবহৃত ছুটি, চাকুরী স্থায়ী হবার পর, অর্জিত ছুটি গণনার সময় হিসাবের সাথে যোগ হবে না।

১৩. পাথওয়ে ব্যবস্থাপনা পরিষদের সিদ্ধান্তবলে যে কোনো সময় এই নীতিমালার যে কোনো অংশ পরিবর্তন বা বাতিল করা যাবে এবং নতুন শর্ত বা নীতি সংযোজন করতে পারবেন।

24.7.2022

24.07.22

24/07/22

24.7.2022